রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৬২ তারিখঃ ১৬/০৫/২০২৩খ্রিঃ


**সভা নং-২৭**

পৌর পরিষদের মাসিক (মে'২০২৩খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ১৬/০৫/২০২৩খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | ----- |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর সভা পরিচালনা করার জন্য মেয়র মহোদয় পৌর নির্বাহী কর্মকর্তা রামগতি পৌরসভাকে আহবান করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | কোন সংশোধনি না থাকায় ১৭/০৪/২০২৩ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | রাজস্ব আদায় সম্পর্কে আলোচনাঃ | রামগতি পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, পৌরসভার রাজস্ব আদায়ের হার খুবেই কম। এ দিকে রাজস্ব আদায়ের হার ৮০% না হলে সরকারের ও দাতা সংস্থার কোন উন্নয়ন মূল্যক প্রকল্পে অংশ গ্রহন করা সম্ভব নয়। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন। একই সাথে আদায় সংক্রান্ত সকল বিভাগের শাখা প্রধানকে মাসিক সভায় অংশ গ্রহন করার জন্য পৌর নির্বাহী কর্মকর্তার মাধ্যমে অনুরোধ করেন।<br>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, রামগতি পৌরসভার ৫ম এসেসমেন্টে সর্বমোট কত টাকা ধার্য্য হয়েছে। এতে সরকারী, বেসরকারী খাতে ডিমান্ডের পরিমান কত এবং একই সাথে ৯নং ওয়ার্ডের হোল্ডিং ট্যাক্সের ডিমান্ড কত ধার্য্য করা হয়েছে আর আদায়ের হার কত। তিনি উক্ত বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, রামগতি পৌরসভার ২নং ওয়ার্ডে হোল্ডিং সংখ্যা কত এবং হোল্ডিং অনুপাতে ৫ম এসেসমেন্টে ট্যাক্স কত ধার্য্য হয়েছে। বর্তমান সময়ে আদায়ের হার কত। তিনি উক্ত বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, আমার ভোটার এলাকা ১,২ ও ৩নং ওয়ার্ডের ডিমান্ড অনুপাতে কাঙ্খিত হারে আদায়ের লক্ষ মাত্রা যদি অর্জন সম্ভব না হয় তাহলে যে বিষয়ে সংশ্লিষ্ট ও সংরক্ষিত কাউন্সিলরের মাধ্যমে মানুষ কে উদ্বুদ করে ট্যাক্স আদায় করা যায় কিনা সে বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। তিনি উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>মেয়র মহোদয় ট্যাক্স ডিমান্ড ও আদায় বিষয়ে সংশ্লিষ্ট শাখা প্রদানকে তার বক্তব্য উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।<br>রামগতি পৌরসভা কর নির্ধারক জনাব মোহাম্মদ রাসেল সভায় জানান যে, রামগতি পৌরসভায় ৫ম এসেসমেন্ট অনুযায়ী ৬৮৫২ (ছয় হাজার আটশত বাহান্ন) টি হোল্ডিং রহেছে। ২০২১-২০২২ অর্থ বছরে আমাদের দাবী ছিলো ৫০,৭৯,০৩৬.০০ টাকা এবং বকেয়া ট্যাক্সের পরিমান ছিলো ১১,১৯,৮৩৬.০০ টাকাসহ মোট দাবী আদায় ৬১,৯৮,৮৭২.০০ টাকা। একই অর্থ বছরে মোট আদায় ছিলো ২৯,০৯,৭২৫.০০ টাকা এবং আদায়ের হার ৪৭%। তিনি আরো জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে মোট দাবী ও আদায় এবং ওয়ার্ড ভিত্তিক আদায় ও দাবীর হার পরবর্তী সময় পৌর নির্বাহী কর্মকার্তা কাছে জমা প্রদান করা হবে বলে তিনি সভায় জানান।<br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, পৌরসভার প্রত্যেক ওয়ার্ডের ওয়ার্ড ভিত্তিক দাবী ও আদায় সম্পর্কে পৌর পরিষদের মাসিক সভায় উত্থাপন করা হলে কাউন্সিলরগণ উক্ত বিষয়ে অবহিত হবেন এবং সে বিষয়ের আলোকে সকল কাউন্সিলরগণ স্ব স্ব এলাকার জনগণের সাথে আলাপ আলোচনার মাধ্যমে ট্যাক্স আদায় ও আদায়ের হার বাড়ানো যেতে পারে বলে তিনি মনে করেন। তিনি উক্ত বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় বিস্তারিত আলোচনাক্রমে সবার সম্মতিক্রমে এই সিদ্ধান্তে উপনিত হন যে, পৌরসভার ৫ম এসেসমেন্টের মোট হোল্ডিং সংখ্যা দাবী আদায় এবং আদায়ের হার ওয়ার্ড ভিত্তিক আগামী মাসিক সভায় উপস্থাপন সহ প্রতি ৩মাস পরপর সকল কাউন্সিলর পৌর পরিষদের মাধ্যমে অবহিত করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন। |

<table>
<tr>
<td>০৩</td>
<td>২০২৩-২০২৪ অর্থ বছরের প্রাক বাজেট সম্পর্কে আলোচনাঃ</td>
<td>রামগতি পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের ১১ মাস চলছে। নিয়ম অনুযায়ী চলতি মাসে ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রস্তুত করা প্রয়োজন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয়ের বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, এবারের বাজেটে অর্থাৎ ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট অবকাঠামোগত খাতে বিশেষ করে সড়ক, সেতু, কালভার্ট, মার্কেট, সপিং কমপ্লেক্সসহ নির্মাণ খাতে বরাদ্দ বৃদ্ধি রাখার প্রস্তাব করেন। এছাড়া সামাজিক,সাংস্কৃতিক, হতদরিদ্র ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ মানুষের পূর্ন:বাসন, ধর্মীয় অনুষ্ঠান, মিলাদ-মাহফিল ও বার্ষিক বিভিন্ন অনুষ্ঠান এবং Gender Action Plan-খাতে বরাদ্দ বৃদ্ধি রাখার প্রস্তাব করেন। উক্ত এই বিষয়ে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় বিভিন্ন অনুষ্ঠান বিশেষ করে মসজিদ, মন্দিরসহ দরিদ্র জনগোষ্টি ও অসহায় মহিলাদের উন্নয়নের ক্ষেত্রে বরাদ্ধ বৃদ্ধির জন্য প্রস্তাব করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার সভায় জানান যে, আসন্ন ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে ক্রীড়া, সামাজিক, সাংস্কৃতিক, আর্থ সামাজিক উন্নয়নসহ, মশক নিধন, পরিষ্কার-পরিচ্ছন্ন করন ও দরিদ্র জন গোষ্টির উন্নয়নের বরাদ্দ বৃদ্ধির জন্য প্রস্তাব করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td>
<td>মেয়র মহোদয় সবার সম্মতিক্রমে উত্থাপিত বিষয় সমূহের উপর গুরুত্ব আরোপ করে নিমোক্ত কমিটির মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থ বছরের পাক বাজেট প্রনয়ন করার জন্য নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেনে।<br>কমিটি নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্র:</th><th>নাম</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>১</td><td>ছৈয়দ মুর্তাজা আল আমিন</td><td>কাউন্সিলর-০৮</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>শাহাদৎ হোসেন</td><td>কাউন্সিলর-০৫</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>তাপস চন্দ্র দাস</td><td>কাউন্সিলর-০২</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>গীতা রানী দাস</td><td>সংরক্ষিত মাহলা কাউন্সিলর-০১</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোঃ কামরুল হাসান</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা</td><td>সদস্য সচিব</td></tr>
</table></td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>পানি সরবরাহ লাইন সংযোগ সম্পর্কে আলোচনাঃ</td>
<td>কার্য সহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহের নিমিত্তে ডিস্ট্রিভিউশন লাইন সংযোগের জন্য গ্রাহক নিবন্ধনের সংখ্যা ২৫০০ জন এ উন্নীত করা প্রয়োজন। এই বিষয়ে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয়ের বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, রামগতি পৌরসভায় এই পর্যন্ত পানির সংযোগের জন্য বর্তমানে ওয়ার্ড ভিত্তিক কতজন গ্রাহক নিবন্ধন করেছেন। তা ওয়ার্ড ভিত্তিক আলাদা করে দেকানোর জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, মানুষ পানির সংযোগ নিবন্ধনের জন্য আগ্রহ প্রকাশ করে না। কিছু কিছু মানুষ মানুষ বিভিন্ন ধরনের মন্তব্য করে থাকে। তিনি গ্রাহক নিবন্ধন বৃদ্ধি কল্পে কিছু সেবা প্রদানের ক্ষেত্রে একটু কঠোরতা অবলম্বনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, রামগতি পৌলসভার বিভিন্ন ওয়ার্ডে যেমন:- ২নং ওয়ার্ডে-২৮৫জন, ৪নং ওয়ার্ডে-৩১২জন, ৬নং ওয়ার্ডে-২০৮জন, ৭নং ওয়ার্ডে-২১২জন, ৮নং ওয়ার্ডে-৩৪০জন এবং ৯নং ওয়ার্ডে-২৭২জন। এই পর্যন্ত নিবন্ধন গ্রহন করেন যা সর্বমোট = ১৫২৯জন। এমতাবস্থায় বাকী ১০৭৯ জনের জরুরী ভিত্তিতে নিবন্ধন করতে হবে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ কারেন।</td>
<td>মেয়র মহোদয় সবার সাথে আলোচনা ক্রমে মতামতের ভিত্তিতে ওয়ার্ড ভিত্তিক নিম্ন কমিটির মাধ্যমে গ্রাহক সংগ্রহের ব্যবস্থা গ্রহন করার জন্য সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান কে নির্দেশ প্রদান করেন।<br><br>
<table>
<tr><th>ক্রঃনং</th><th>হোল্ডিং সংখ্যা</th><th>৭৫% হোল্ডিং সংখ্যা ও টার্গেট</th><th>বিবরণ</th><th>মোবাইল নম্বর</th></tr>
<tr><td>ওয়ার্ড নং-০২</td><td>৬৭৩</td><td>৫০৫-১৮৫ = ৩২০</td><td>টিম লিডার- তাপস চন্দ্র দাস, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২</td><td>০১৮২৮-৩৯৮৯৭৩</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>গীতা রানী দাস, সংরক্ষিত কাউন্সিলর, আসন-০১</td><td>০১৮৬৪-০১৯১০৪</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>জয়নাল আবেদিন, কাউন্সিলর,ওয়ার্ড নং-০১</td><td>০১৭৪০-৯২০৪৩৭</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>স্নেহাশীষ মজুমদার, টিকাদারকারী</td><td>০১৭৫২-০৩৭৫৬৩</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোঃ সুমন, রোলার চালক</td><td>০১৮৮৫-৭৩৯৮৫১</td></tr>
<tr><td>ওয়ার্ড নং-০৫</td><td>১০৪৪</td><td>৭৮৩-৩১২ = ৪৭১</td><td>টিম লিডার- শাহাদাৎ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫</td><td>০১৭২৪-৭৪০৭৪৯</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>আকলিমা বেগম, সংরক্ষিত কাউন্সিলর, আসন-০২</td><td>০১৮৮১-১০০১৪৯</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোঃ নুর নবী, কাউন্সিলর,ওয়ার্ড নং-০৪</td><td>০১৯৪১-৭৭৭১৪০</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>কামরুল ইসলাম চৌধুরী, কর আদায়কারী</td><td>০১৮৩৯-১০৪২০০</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>আবদুল মজিদ, অফিস সাহায়ক</td><td>০১৭২৯-৭৪৮০৩১</td></tr>
<tr><td>ওয়ার্ড নং-০৬</td><td>৫৮৮</td><td>৪৪১-২০৮ = ২৩৩</td><td>টিম লিডার- মোহাম্মদ নেছার উদ্দিন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬</td><td>০১৯৮৬-১৭৩৯৫২</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>আকলিমা বেগম, সংরক্ষিত কাউন্সিলর, আসন-০২</td><td>০১৮৮১-১০০১৪৯</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোঃ রাসেল আলম, এসেসর,</td><td>০১৭৯০-৪৬৮২৬৮</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোঃ আবু তাহের, অফিস সাহায়ক</td><td>০১৭২২-৩৬৯২১৮</td></tr>
<tr><td>ওয়ার্ড নং-০৭</td><td>৮৭৭</td><td>৬৫৮-২১২ = ৪৪৬</td><td>টিম লিডার- মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭</td><td>০১৭২০-৫৩৪৭১১</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>নাহিমা বেগম, সংরক্ষিত কাউন্সিলর, আসন-০৩</td><td>০১৮৪৩-১৩০০৮৯</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোঃ মিজানুর রহমান, কঞ্জারভেন্সী ইন্সপেক্টর</td><td>০১৯৯১-৫২৭০৬০</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোঃ হমায়ুন কবির, সহকারী কর আদায়কারী</td><td>০১৭১৭-৬৪৪৭৬৪</td></tr>
<tr><td>ওয়ার্ড নং-০৮</td><td>৮০৪</td><td>৬০৩-৩৪০= ২৬৩</td><td>টিম লিডার- ছৈয়দ মুর্তাজা আল আমিন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮</td><td>০১৯১৮-৪০৮৭৭৬</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>নাহিমা বেগম, সংরক্ষিত কাউন্সিলর, আসন-০৩</td><td>০১৮৪৩-১৩০০৮৯</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>আবু তাহের, সহকারী কর আদায়কারী</td><td>০১৮২০-৯৩৩১৮০</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>শুভংকর সাহা, অফিস সাহায়ক</td><td>০১৭৩১-৪৩১০৫২</td></tr>
<tr><td>ওয়ার্ড নং-০৯</td><td>৬০২</td><td>৪৫২-২৭২ = ১৮০</td><td>টিম লিডার- কাবুকুল ইসলাম বাবলু, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৯</td><td>০১৭১৬-৩৮১৫৯৭</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>নাহিমা বেগম, সংরক্ষিত কাউন্সিলর, আসন-০৩</td><td>০১৮২০-৯৩৩১৮০</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মোঃ খলিলুর রহমান, সহকারী এসেসর</td><td>০১৮১৬-৮২৪৩৩৮</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>নুরুল ইসলাম, গার্বেজ ট্রাক চালক</td><td>০১৮৮৫-৭৩৯৮৫১</td></tr>
</table></td>
</tr>
</table>

<table>
<tr>
<td>০৫</td>
<td>রামগতি পৌরসভার নতুন অফিস ভবনের জন্য মেয়র রুম, কনফারেন্স রুম, কাউন্সিলর রুম ও ৩য় তলা রেষ্ট হাউজের জন্য আসবাবপত্র ক্রয় সম্পর্কে আলোচনাঃ</td>
<td>রামগতি পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, রামগতি পৌরসভার নব নির্মিত পৌর ভবনের জন্য বিশেষ করে মেয়র রুম, কনফারেন্স রুম, কাউন্সিলর রুম ও ৩য় তলা রেষ্ট হাউজের জন্য ফার্নিচার ক্রয় করা প্রয়োজন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, দীর্ঘদিন পর রামগতি পৌর ভবন নির্মাণ করা হলে ও এখন পর্যন্ত ফার্নিচারের অভাবে নতুন ভবনে অফিস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে না। যার ফলে ভবনটি নতুনত্ব হারিয়ে আমাদের মাঝে পুরানো হতে চলছে। ফার্নিচার ক্রয় করার মতো রাজস্ব খাতে টাকা না থাকলে ও পৌরসভার অন্য কোন হিসাব হতে ঋণ নিয়ে হলেও মেয়র রুম, কনফারেন্স রুম, কাউন্সিলর রুম ও ৩য় তলা রেষ্ট হাউজসহ অন্যান্য রুমের জন্য আসবাবপত্র ক্রয় করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, নব নির্মিত নতুন ভবনের জন্য নতুন আংঙ্গীকে আধুনিক ডিজাইনের মানসম্মত ফার্নিচার ক্রয় করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, রাজস্ব খাতে টাকা না থাকলে ও অন্য হিসাব থেকে টাকা সংগ্রহ করে জরুরী ভিত্তিতে নতুন ভবনের জন্য নতুন ফার্নিচার ক্রয় করে অফিস কার্যক্রম পরিচালনা করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ । তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td>
<td>মেয়র মহোদয় সবার সম্মতিক্রমে নতুন ভবনের জন্য অটোবী গ্যালারী থেকে আধুনিক মান সম্মত ফানির্চার ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তাকে নির্দেশ প্রদান করেন।</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td>
<td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত এপ্রিল’২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৫নং ওয়ার্ডের ব্যপারী পাড়া সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৬নং ওয়ার্ডের আলম খা মাটি দ্বারা সংস্কার।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৭নং ওয়ার্ডের মাজার রোড সংলগ্ন ড্রেন পরিষ্কার কাজ।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৬নং ওয়ার্ডের আহম্মদ উল্যা মেম্বার বাড়ী সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৭নং ওয়ার্ডের রশিদিয়া সংলগ্ন ড্রেন পরিষ্কার কাজ।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৭নং ওয়ার্ডের আলেকজান্ডার বাজার ড্রেন পরিষ্কার কাজ।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৮নং ওয়ার্ডের আল আমিন সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৮নং ওয়ার্ডের পাল পাড়া সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৮নং ওয়ার্ডের গনি মুন্সী সড়কের শেষ আংশ মাটি দ্বারা সংস্কার।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৫নং ওয়ার্ডের বান্দের পাড় সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০২নং ওয়ার্ডের খান পাড়া সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০২নং ওয়ার্ডের মুরালি মাষ্টার সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০১নং ওয়ার্ডের কালু মাঝি সড়কে শেষ আংশ মাটি দ্বারা সংস্কার।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০১নং ওয়ার্ডের জমিদার হাট মাছ বাজার ড্রেন পরিষ্কার কাজ।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০২নং ওয়ার্ডের আশ্রম বাজার ড্রেন পরিষ্কার কাজ।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৪নং ওয়ার্ডের পাটওয়ারী পাড়া সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৯নং ওয়ার্ডের খায়ের বাড়ী মেম্বার সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৫,০০০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৯নং ওয়ার্ডের করিম বক্স সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০১নং ওয়ার্ডেরসইজল মেস্তুরী সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
<tr><td>১২-০৪-২০২৩</td><td>০৩নং ওয়ার্ডের সাধন বাবু সড়ক মাটি দ্বারা সংস্কার।</td><td>২৪,৭৫০.০০</td></tr>
</table></td>
<td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে এপ্রিল’২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০৯২০২৩-০৪-</td><td>মার্চমাষ্টাররোল কর্মচারীদের বেতন ২০২৩/</td><td>৫৫০০.৫০০,</td></tr>
<tr><td>০৯২০২৩-০৪-</td><td>প্রচার ও মাইকিং বিল</td><td>৫০০.৮০০,</td></tr>
<tr><td>০৯২০২৩-০৪-</td><td>মার্চআপ্যায়ন বিল-ভান্ডারী হোটেল-২৩/</td><td>২৭০০.৬৬০,</td></tr>
<tr><td>১০২০২৩-০৪-</td><td>আগষ্ট-পর্যন্ত ২৩/ফেব্রুয়ারী-২২/০৭ মাসের জ্বালানী তেলের বিল</td><td>৯৭০০.৩৩১,</td></tr>
<tr><td>১১২০২৩-০৪-</td><td>টুলু রানী দাসআর্থিক সাহায্য-</td><td>২০০.৫০০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৪-</td><td>বৈশাখী ভাতা-মাসের পৌর কর্মকর্তা ২০২৩/ কর্মচারী</td><td>৮৫০০.৯০০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৪-</td><td>ঈদকর্মচারীদের বোনাস-২০২৩/ফিতর-উল-</td><td>৩০০.৪৭০,২২,</td></tr>
<tr><td>১১২০২৩-০৪-</td><td>ঈদ -সহকারী প্রকৌশলী-২০২৩/ফিতর-উল-বোনাস</td><td>২৬০০.৭৬০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৪-</td><td>ঈদউপ সহকারী -২০২৩/ফিতর-উল-বোনাস -প্রকৌশলী</td><td>১৬০০.৮০০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৪-</td><td>জুন-মাসের পৌর কর্মকর্তা ২০২২/কর্মচারীর বেতন বিল</td><td>৭০০.৯০৮,০৩,</td></tr>
<tr><td>১১২০২৩-০৪-</td><td>ফেব্রুয়ারীসহকারী প্রকৌশলী বেতন -২০২৩/ বিল</td><td>৪৮০০.৩৩০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৪-</td><td>ফেব্রুয়ারী উপ সহকারী প্রকৌশলী -২০২৩/ বেতন বিল</td><td>২৫০০.২২০,</td></tr>
<tr><td>১১২০২৩-০৪-</td><td>অক্টোবরমাসের কাউন্সিলরদের ২০২২/ সম্মানী ভাতা</td><td>১০০.০০০,০৮,</td></tr>
<tr><td>১৬২০২৩-০৪-</td><td>এপ্রিলটি মিটারের বিদ্যুৎ বিল৭-২০২৩/</td><td>৭০০.১৩২,</td></tr>
<tr><td>১৭২০২৩-০৪-</td><td>রমজানখতমে তারাবি পড়ানোর ২৩/ হাফেজ সাহেবদের সন্মানী ভাতা</td><td>২৮০০.০০০,</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>উন্নয়ন মূল্যক আলোচনাঃ<br><br>(ক) ০৮/১২/২০২১খ্রিঃ তারিখে অনুমোদনকৃত “মুক্তিযোদ্ধা সফিক মেম্বার সড়কের আরসিসি” প্রকল্পটি বাতিল করে নতুন রেইট সিডিউল অনুযায়ী প্রাক্কলন প্রস্তুন করে দাখিল করণ প্রসংগেঃ</td>
<td>রামগতি পৌরসভার সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, গুরুত্বপুর্ন নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় রামগতি পৌরসভার ০৪নং ওয়ার্ডের “মুক্তিযোদ্ধা সফিক মেম্বার” সড়ক (Ch00m-463m) টি ০৮/১২/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০২.০০০০.৯২৩.১৪.৬২.১৮.৮১৫ স্মারক মূলে অনুমোদন দেওয়া হয়। এবং দরপদ্র আহবান করার জন্য APP প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়। কিন্তু বিশ্বব্যাপি Covid-19 বিস্তারের কারনে প্রকল্প অফিস APP অনুমোধন দেন নি। যার কারনে প্রকল্পটির দরপদ্র আহবান করা সম্ভব হয়নি। এমতাবস্থায় প্রকল্পটি বাতিল করে নতুন রেইট সিডিউল অনুসারে প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্প অফিসে দাখিল করার জন্য নির্দেশনা দিয়েছিলো। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুরনবী সভায় জানান যে, প্রকল্পটি ০৮/১২/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০২.০০০০.৯২৩.১৪.৬২.১৮.৮১৫ স্মারক মূলে অনুমোদন দেওয়া হয়। বিশ্বব্যাপি Covid-19 বিস্তার ও নির্মাণ সামগ্রীর উর্দ্ধ গতির কারণে প্রকল্পটির দরপত্র আহবান করা সম্ভব হয়নি। কিন্তু প্রকল্পটি খুবেই গুরুত্বপুর্ণ। তিনি প্রকল্পের কাজটি দুত বাস্তবায়নের স্বার্থে পূর্বের প্রকল্পটি বাতিল করে নতুন প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদন নিয়ে দুত বাস্তবায়নের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর-০২ (৪,৫,৬নং ওয়ার্ড) ও প্যানেল মেয়র-০৩ জনাব আকলিমা বেগম সভায় জানান যে, প্রকল্পটি খুবেই গুরুত্বপুর্ন। প্রকল্পটি সুপির হাট সড়ক ও সাহাপাড়া সড়কের সংযোগ সড়ক হওয়ায় এই সড়ক দিয়ে প্রতিনিয়ত হাজার হাজার মানুষ, যানবাহন ও বিভিন্ন স্কুল-প্রতিষ্ঠানগামী ছাত্র/ছাত্রী চলাচল করে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য পূর্বের প্রাক্কলন বাতিল করে হলেও নতুন প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।</td>
<td>মেহর মহোদয়র উপস্থিত সভার সিদ্ধান্তক্রমে ০৮/১২/২০২১খ্রিঃ তারিখের অনুমোদনকৃত প্রকল্পটি বরাদ্দের পরিমাণ ঠিক রেখে প্রয়োজনে Length- কমিয়ে নতুন রেইট সিডিউল অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য সহকারী প্রকৌশলীকে অনুরোদ করেন।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | ৫নং ওয়ার্ডে কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, যেহেতু পূর্বের অনুমোদনকৃত প্রকল্পটি Covid-19 বিস্তার ও নির্মাণ সামগ্রীর উর্দ্ধ গতির কারণে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বর্তমানে যে কোন প্রক্রিয়ায় হোক না কেন প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৩-৬২ তারিখঃ ১৬/০৫/২০২৩খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব.........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব.........................................................শাখা.......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।